রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী।
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১
ফোন নং: ০২৪৭-৮৬০৫৩২; ই-মেইল: dgmcad1@rakub.org.bd
www.rakub.org.bd

সততার কোন বিকল্প নেই, দুর্নীতির সাথে আপোষ নহে।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

"মুজিববর্ষের প্রতিশ্রুতি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি"

প্রকা/কেহিবি-১/সার্কুলার লেটার নং-০১/২০২২

তারিখ : ০৭ মার্চ, ২০২২ / ২২ ফাল্গুন, ১৪২৮

বিষয় : ২০২১-২০২২ অর্থবছরে প্রধান কার্যালয়ে তহবিল প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে রাকাব, প্রধান কার্যালয়, কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর ১২.০৭.২০২১ তারিখের পরিপত্র নং-০৫/২০২১ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

ব্যাংকের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, কৃষি ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রেখে বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত সূচি মোতাবেক ঋণের কিস্তি পরিশোধ করার লক্ষ্যে তহবিল সংগ্রহ ও তার যথাযথ ব্যবহারের গুরুত্ব অপরিসীম। এ লক্ষ্যে গত ২৭.০২.২০২২ তারিখে অনুষ্ঠিত তহবিল ব্যবস্থাপনা কমিটির ০২/২০২২ তম সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়:

১) প্রতিটি শাখা কর্তৃক আরটিজিএস, বিইএফটিএন, ব্যাচ, চালান, সঞ্চয়পত্র এবং পল্লী বিদ্যুৎ বিল বাবদ প্রধান কার্যালয় হতে গৃহিত তহবিল প্রত্যেক সপ্তাহের শেষ কর্মদিবসে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

২) জোন/শাখাসমূহ প্রতি মাসে Liquidity Contingency Plan প্রস্তুতপূর্বক আত্মনির্ভরশীল তহবিল ব্যবস্থাপনার মাধ্যমে জোন/শাখা পরিচালনা করবে এবং কৃষি ঋণ বিতরণ কার্যক্রম স্বাভাবিক রেখে তহবিল প্রেরণের লক্ষ্যমাত্রা অনুসারে প্রধান কার্যালয়ে তহবিল প্রেরণ নিশ্চিত করবে।

৩) আরটিজিএস এর মাধ্যমে Outward Transaction প্রতিদিন প্রায় ১০.০০ কোটি টাকা হলেও Inward Transaction হচ্ছে খুবই সামান্য যার পরিমাণ প্রায় ০.৫০ কোটি হতে ০.৬০ কোটি টাকা। এ অবস্থা হতে উত্তোরণের লক্ষ্যে গ্রাহকগণকে আরটিজিএস এর মাধ্যমে Inward Transaction করার বিষয়ে উৎসাহিত করতে হবে।

উল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে জোন/শাখাসমূহকে প্রধান কার্যালয়ের উপর তহবিল নির্ভরতা হ্রাস করে আত্মনির্ভরশীল তহবিল ব্যবস্থাপনা গড়ে তোলার মাধ্যমে আমানত সংগ্রহ ও ঋণ বিতরণসহ সার্বিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে হবে। প্রধান কার্যালয়ে তহবিল প্রেরণকালে রাকাব, প্রধান কার্যালয়ের নামে নিম্নলিখিত ব্যাংকের হিসাব নম্বরে Online Transfer এর মাধ্যমে তহবিল প্রেরণ নিশ্চিত করার জন্য পরামর্শ দেয়া হলো:

ক্রমিক নং	ব্যাংকের নাম	শাখার রাউটিং নম্বর	হিসাব প্রকৃতি	হিসাব নম্বর
১.	সোনালী ব্যাংক লিঃ রাজশাহী কর্পোরেট শাখা, রাজশাহী।	২০০৮১২০২৭	এসএনডি	৪৬১৭৭৩৬০০০১৬৭
২.	অগ্রণী ব্যাংক লিঃ সাহেব বাজার কর্পোরেট শাখা, রাজশাহী।	০১০৮১২২৬২	এসএনডি	০২০০০০০১৭৫১১৫
৩.	জনতা ব্যাংক লিঃ রাজশাহী কর্পোরেট শাখা, রাজশাহী।	১৩৫৮১২০২৬	এসএনডি	০১০০০০১৬৮০৭২৭
৪.	ন্যাশনাল ব্যাংক লিঃ রাজশাহী শাখা, রাজশাহী।	১৫০৮১১৯৩৬	এসএনডি	১০০৫০০১৭৭৩৩৪৯
৫.	ডাচ বাংলা ব্যাংক লিঃ রাজশাহী শাখা, রাজশাহী।	০৯০৮১১৯৩৩	চলতি	১৩৫১১০১১৭২১

চলমান পাতা-০২

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহ সঠিকভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

০৭.০৬.২২
মাকসুদা নাসরীন
মহাব্যবস্থাপক

প্রকা/কেহিবি-১/৫০/২০২১-২০২২/১৪৪৬(৪৫৩) তারিখ : ঐ ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২। ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৫। মহাব্যবস্থাপক মহোদয়ের ষ্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৬। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয়/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। সার্কুলার লেটারটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-কে অনুরোধ করা হলো।
৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৮। অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনষ্টিটিউট, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী।
৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১১। উপ-ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। অফিস নথি/ মহানথি।

Rahman
০৭/০৬/2022
মোঃ মজনূর রহমান
উপ-মহাব্যবস্থাপক